Total No. of Printed Pages—5

**1 SEM FYUGP MINBNL1**

**2025**

( November )

BENGALI

( Minor )

Paper : MINBNL1

**( প্রাগাধুনিক বাংলা সাহিত্য )**

*Full Marks* : 60 (80 for 2023 Batch)

*Time* : 2 hours (3 hours for 2023 Batch)

*The figures in the margin indicate full marks for the questions*

**প্রথম একক**

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'চর্যাপদ'-এ 'চর্যা' শব্দের সাধারণ অর্থ কী?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথিটি কে আবিষ্কার করেন?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রথম খণ্ডের নাম কী?

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) "কাআ তরুবর পঞ্চ বি ডাল।
চঞ্চল চীএ পইঠো কাল।।"

উক্ত 'চর্যাপদ'টি কার রচনা? অতি সংক্ষেপে পদটির রূপকার্থ বিশ্লেষণ করো।

(খ) "কে না বাঁশী বাএ বড়ায়ি কালিনী নই কুলে।
কে না বাঁশী বাএ বড়ায়ি এ গোঠ গোকুলে।।"

উক্ত পদটি কোন্ কাব্যের অন্তর্গত? পদকর্তা কে? কে, কার সম্পর্কে, কোন্ প্রসঙ্গে একথা বলেছেন, অতি সংক্ষেপে লেখো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'চর্যাপদ'-এর কাব্যমূল্য সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য অবলম্বনে বড়াই চরিত্রের পরিচয় দাও।

## দ্বিতীয় একক

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) দ্বিতীয় বিদ্যাপতি নামে কে পরিচিত?

(খ) কোন্ বৈষ্ণব কবি 'বাশুলিদেবী'র উপাসক ছিলেন?

(গ) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের রচয়িতা কে?





৫। সংক্ষেপে টীকা লেখো (যে কোনো একটি) : ৪

চণ্ডীদাস; কেতকাদাস ক্ষেমানন্দ; ধর্মমঙ্গল।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) বিদ্যাপতি কোন্ ভাষায় পদ রচনা করেন? 'পদাবলি' সাহিত্যে তাঁর কৃতিত্ব আলোচনা করো।

(খ) 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর কাব্যের রচনাকাল ও মৌলিকতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

## তৃতীয় একক

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের প্রকৃত নাম কী?

(খ) কালকেতু কাকে বিবাহ করেন?

(গ) দেবী চণ্ডীর আশীর্বাদে কে গুজরাট রাজ্য পান?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) সিংহের নিকট পশুগণ কী নিবেদন করেছিল, সংক্ষেপে আলোচনা করো।

(খ) ভাঁড়ুদত্তের চরিত্রটি সংক্ষেপে বর্ণনা করো।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) "...মঙ্গলকাব্যের সব চাইতে দীপ্তিমান কবি মুকুন্দরাম।" মুকুন্দরাম কোন্ শতকের কবি ও তাঁর কাব্যের নাম কী? তাঁর কাব্যের সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) কালকেতুর দাম্পত্য-জীবনের চিত্রটি বর্ণনা করো।

## চতুর্থ একক

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'মৈমনসিংহ গীতিকা' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়?

(খ) 'কঙ্ক ও লীলা' পালা অংশে প্রথমে কার বন্দনা করা হয়েছে?

(গ) 'মহুয়া' পালার রচয়িতা কে?

১১। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) কঙ্কের বিরুদ্ধে ব্রাহ্মণগণ কী ষড়যন্ত্র করেছিল?

(খ) 'পালঙ্ক সই ও মহুয়ার কথোপকথন' অংশটি নিজের ভাষায় বর্ণনা করো।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) দস্যু কেনারাম চরিত্রের যে মানবিক দিকগুলো প্রকাশিত হয়েছে তার বর্ণনা দাও।

(খ) কাজলরেখা চরিত্রটির মধ্যে যে বাস্তবতা রয়েছে তার পরিচয় দাও।





## পঞ্চম একক

**( ২০২৩ ইং বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য অতিরিক্ত ২০ নম্বরের প্রশ্নপত্র )**

১৩। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) 'চর্যাপদ' কে আবিষ্কার করেন?

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যের আদি নিদর্শন কী?

(গ) 'পদাবলী' সাহিত্যের একজন কবির নাম লেখো।

(ঘ) 'মৈমনসিংহ গীতিকা'-র সংগ্রাহক কে ছিলেন?

(ঙ) 'অনুবাদ-সাহিত্য'-এর একজন অনুবাদকের নাম লেখো।

১৪। সংক্ষেপে টীকা লেখো (যে কোনো একটি) : ৫

জ্ঞানদাস; মহুয়া; গোবিন্দদাস।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) 'চর্যাপদ'-এ বর্ণিত সমাজ-জীবনের বর্ণনা দাও।

(খ) 'ফুল্লরার বারমাস্যা'য় নারী-জীবনের যে চিত্র ফুটে উঠেছে তা নিজের ভাষায় আলোচনা করো।

★★★